COVID-19 টিকার তৃতীয় ডোজ বনাম বুস্টারসমূহ

	তৃতীয় ডোজ	**বুস্টার শট**
এটি কী?	সেই সব ব্যক্তিদের জন্য টিকার একটি বাড়তি ডোজ যাদের ক্ষেত্রে COVID-19 টিকার প্রথম দুই ডোজের পর যথেষ্ট শক্তিশালী প্রতিক্রিয়া দেখা যায়নি	সেই সব ব্যক্তিদের জন্য টিকার একটি বাড়তি ডোজ যারা COVID-19 টিকার মাধ্যমে সুরক্ষিত হয়েছেন, কিন্তু যাদের তাদের সুরক্ষা সময়ের সাথে সাথে কমে যেতে পারে
কারা যোগ্য?	**12 বছর এবং তার বেশি বয়স্ক** ব্যক্তিরা যারা **Pfizer বা Moderna** টিকা পেয়েছেন এবং রোগ প্রতিরোধ ক্ষমতা মাঝারি থেকে গুরুতর রকমের দুর্বল	**18 বছর এবং তার বেশি বয়স্ক** ব্যক্তিগণ যারা **Pfizer টিকাটি** পেয়েছেন এবং নিম্নোক্ত ব্যাপারগুলোর যে কোনোটির বর্ধিত ঝুঁকিতে আছেন: • তাদের বয়সের কারণে (65 বছর বা উর্ধ্ববয়সী) বা অন্তর্নিহিত শারীরিক সমস্যার কারণে গুরুতর COVID-19 জনিত অসুস্থতা • তাদের আবাসস্থল বা কর্মস্থলের কারণে COVID-19 এর সংক্রমণ
এটি কেন নিতে হবে?	গবেষণায় দেখা গেছে যে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল তাদের দেহে টিকার প্রতি প্রতিক্রিয়া স্বাভাবিক রোগ প্রতিরোধ ক্ষমতার অধিকারী ব্যক্তিদের মত অতটা জোরালো হয় না। একটি তৃতীয় ডোজের ফলে রোগ প্রতিরোধ ক্ষমতার উন্নতি হতে পারে।	কিছু গবেষণায় দেখা গেছে, টিকাটি গুরুতর অসুস্থতার বিরুদ্ধে খুব ভাল কাজ করলেও, প্রায় ছয় মাস পরে সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষা কমে যেতে শুরু করতে পারে। একটি বুস্টার এক্ষেত্রে বাড়তি সুরক্ষা প্রদান করতে পারে।
কোন টিকা?	• যদি আপনার প্রথম দুই ডোজ Pfizer হয়ে থাকে তাহলে Pfizer • যদি আপনার প্রথম দুই ডোজ Moderna হয়ে থাকে তাহলে Moderna	যদি আপনার প্রথম দুই ডোজ Pfizer হয়ে থাকে তাহলে Pfizer
আমি কখন উপযুক্ত হব?	আপনার দ্বিতীয় ডোজের কমপক্ষে 28 দিন পর	আপনার দ্বিতীয় ডোজের কমপক্ষে 6 মাস পর
আমার কী কী কাগজপত্র লাগবে?	• বয়সের প্রমাণ • সত্যায়িত করা যে আপনার একটি উপযুক্ত শারীরিক সমস্যা আছে	• বয়সের প্রমাণ • যদি 65 বছরের কম বয়স হয়, তাহলে সত্যায়িত করুন যে আপনার একটি উপযুক্ত শারীরিক সমস্যা আছে বা সংক্রমণের বাড়তি ঝুঁকিতে আছেন
কোনো পার্শ্বপ্রতিক্রিয়া আছে কি?	প্রথম দুই ডোজের মতই, আপনার পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে যেমন বাহুতে ব্যথা, মাথাব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর।	প্রথম দুই ডোজের মতই, আপনার পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে যেমন বাহুতে ব্যথা, মাথাব্যথা, শরীরে ব্যথা, ক্লান্তি এবং জ্বর।
আমি কি এটি অন্যান্য টিকার সাথে একই সময়ে নিতে পারব?	হ্যাঁ, আপনি অন্যান্য টিকার সাথে একই সময়ে, অথবা তার আগে বা পরে যে কোনো সময়ে একটি COVID-19 টিকা নিতে পারবেন।	হ্যাঁ, আপনি অন্যান্য টিকার সাথে একই সময়ে, অথবা তার আগে বা পরে যে কোনো সময়ে একটি COVID-19 টিকা নিতে পারবেন।
এটি কি বিনামূল্যের?	হ্যাঁ	হ্যাঁ

আমি কোথায় আরো জানতে পারব?	nyc.gov/covidvaccine এ যান ও "Third Dose for People Who are Immunocompromised" (দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতার অধিকারী ব্যক্তিদের জন্য তৃতীয় ডোজ) খুঁজুন। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।	nyc.gov/covidvaccine এ যান ও "Recommendation for Pfizer COVID-19 Booster Shots" (Pfizer COVID-19 বুস্টার শটসমূহ সম্পর্কে নির্দেশনা) খুঁজুন। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে, nyc.gov/vaccinefinder এ যান বা 877-829-4692 নম্বরে কল করুন।